



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৪৩.২৩.১৪৮১

তারিখ: ১২ পৌষ ১৪৩০

২৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১৪০৪৯/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪০৪৯/২০২৩-এর ১৪/১১/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার টাঙ্গাইল পৌরসভার ১৩নং ওয়ার্ডের অন্তর্গত টাঙ্গাইল মৌজার সাবক ৩৭, হাল-১৩৮ নং দাগের ভূমি নিয়ে দুই পক্ষের মধ্যে সমস্যা সৃষ্টি হয়। দেওয়ানি মোকদ্দমা বিচারাধীন (Res Subjudice) থাকাবস্থায় উক্ত সমস্যা মীমাংসার লক্ষ্যে উভয় পক্ষকে টাঙ্গাইল পৌরসভা কার্যালয়ে আয়োজিত সালিশী সভায় সাক্ষ্য-সাবুদ এবং প্রয়োজনীয় দলিলপত্রাদি ও নিজ আইনজীবীসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য টাঙ্গাইল পৌরসভা কার্যালয়ের গত ১৬/০৭/২০২৩, ৩০/০৭/২০২৩ ও ২৯/১০/২০২৩ খ্রি. তারিখের ৩৯৮ সংখ্যক স্মারকে নোটিশ ইস্যু করা। ফলে পিটিশনার জনাব মোছাঃ ফিরোজা বেগম গং সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪০৪৯/২০২৩ রুজু করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং মেয়র, টাঙ্গাইল পৌরসভা-কে ৩নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪০৪৯/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8038/potrojariAttachmentRef/51893/0/2240)

৩১-১২-২০২৩

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মেয়র

টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৪৩.২৩.১৪৮১/১(৫)

তারিখ: ১২ পৌষ ১৪৩০

২৭ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ  
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৩১-১২-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)